

PRINT

# সমকাল

## রুয়েট ও খুবিতে মানববন্ধন শিক্ষক নিয়োগের অভিন্ন নীতিমালা বাতিল দাবি

১৫ ঘণ্টা আগে

সমকাল ডেস্ক



বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) প্রণীত বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ-পদোন্নতির অভিন্ন নীতিমালা বাতিল ও ইনক্রিমেন্ট বহালের দাবি উঠেছে। দাবি পূরণে গতকাল বুধবার রুয়েট শিক্ষক সমিতি ও খুলনা বিশ্ববিদ্যালয় স্বাধীনতা শিক্ষক পরিষদ নিজ নিজ ক্যাম্পাসে মানববন্ধন করেছে। বিস্তারিত ব্যুরো ও প্রতিনিধির পাঠানো খবর :

রাবি :রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি মানববন্ধন করে। এতে

সমিতির সভাপতি এসএম আব্দুর রাজ্জাক বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে অভিন্ন নীতিমালা থাকবে, এটা কাঙ্ক্ষিত। তবে অবশ্যই এ নীতিমালা প্রণয়ন করবেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। তাদের মাধ্যমে এই নীতিমালা প্রণয়ন হওয়ার কথা। শিক্ষকদের অবজ্ঞা ও অসম্মান করে অসঙ্গতিপূর্ণ নীতিমালা

চাপিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে, যা বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের পরিপন্থি। এ সময় বক্তারা এ নীতিমালা বাতিল করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে 'গ্রহণযোগ্য' নীতিমালা প্রণয়নের দাবি জানান।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক শামীমুর রহমানের সঞ্চালনায় এ সময় আরও বক্তব্য দেন সহসভাপতি অধ্যাপক কামরুজ্জামান সরকার, কোষাধ্যক্ষ অধ্যাপক মিঞা মোহাম্মদ জগলুল সাদত, সদস্য আব্দুল মফিজ, আশরাফুল আলম ও হারুন উর রশিদ।

খুলনা :খুলনা বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা শিক্ষক পরিষদের (স্বাশিপ) উদ্যোগে ক্যাম্পাসের হাদী চত্বরে মানববন্ধন হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ওয়ালিউল হাসানাত। বক্তব্য দেন সমাজবিজ্ঞান ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক তুহিন রায়, গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিসিপ্লিনের সহকারী অধ্যাপক নিশাত তারানুম, মানবসম্পদ ও ব্যবস্থাপনা ডিসিপ্লিনের প্রভাষক সৈয়দ আজহারুল ইসলাম। সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যাপক আশীষ কুমার দাস।

মানববন্ধনে ওয়ালিউল হাসানাত বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিক্ষকদের যথাযথ মর্যাদা দিয়েছিলেন এবং তাদের তিনি শ্রদ্ধা করতেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা যাতে স্বাধীনভাবে কাজ করতে পারেন, গবেষণা করতে পারেন সেজন্য বিশ্ববিদ্যালয়গুলোকে তিনি স্বায়ত্তশাসিত করেছিলেন। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য যে নীতিমালা প্রণীত হয়েছে, তাতে শিক্ষক সমিতি বা শিক্ষকদের মতামত কিংবা সুপারিশ নেওয়া হয়নি। এটি অত্যন্ত দুর্ভাগ্যজনক।

তিনি আরও বলেন, এটি কোনো মহলের গভীর ষড়যন্ত্র হতে পারে। এই নীতিমালা শিক্ষকরা কোনোভাবেই মেনে নেবেন না। এ ব্যাপারে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ চেয়েছেন তিনি।

মানববন্ধনে স্বাধীনতা শিক্ষক পরিষদের সদস্য ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিসিপ্লিনের শিক্ষকরা উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:  
ad.samakalonline@outlook.com